**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ**

**এস,আর,ও নং ১৩৯-আইন/২০২২/৮৭/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বিদ্যমান আমদানি নীতি আদেশ এর আওতায় অনুমোদিত ইঞ্জিন ক্ষমতা বিশিষ্ট মোটরসাইকেল স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নে বিধৃত-

(ক) মোটরসাইকেল উৎপাদনকারী ক্যাটাগরি-১ ভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে:-

(i) TABLE-I এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ৩ (তিন) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ;

(ii) TABLE-II এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ১০ (দশ) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ:

তবে শর্ত থাকে যে, ২৫০ সিসির উর্ধ্বসীমার ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেলের যন্ত্রাংশ আমদানিতে TABLE-I এর পণ্যের বিপরীতে আমদানি শুল্ক হইবে ১০ (দশ) শতাংশ, TABLE-II এর পণ্যের বিপরীতে আমদানি শুল্ক হইবে ১৫ (পনের) শতাংশ;

(খ) ভেন্ডর কর্তৃক আমদানির ক্ষেত্রে TABLE-I এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ৩ (তিন) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ:

তবে শর্ত থাকে যে, ২৫০ সিসির উর্ধ্বসীমার ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেলের যন্ত্রাংশ আমদানিতে TABLE-I এর পণ্যের বিপরীতে আমদানি শুল্ক হইবে ১০ (দশ) শতাংশ;

(গ) মোটরসাইকেল উৎপাদনকারী ক্যাটাগরি-২ ভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে TABLE-II ও TABLE-III এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ১৫ (পনের) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ:

তবে শর্ত থাকে যে, ২৫০ সিসির উর্ধ্বসীমার ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেলের যন্ত্রাংশ আমদানিতে TABLE-II এর পণ্যের বিপরীতে আমদানি শুল্ক হইবে ১৫ (পনের) শতাংশ এবং TABLE-III এর পণ্যের বিপরীতে আমদানি শুল্ক হইবে ২৫ (পঁচিশ) শতাংশ;

এবং সমুদয় রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক, যদি থাকে, এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE-I**

| **Heading** | **H.S. Code** | **Description** |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 28.04 | 2804.80.00 | Arsenic |
| 29.29 | 2929.10.00 | Isocyanates |
| 34.03 | 3403.19.00 | Mold release preparation |
| 35.06 | 3506.91.90 | Adhesives |
| 38.14 | 3814.00.90 | Organic composite solvents and thinner |
| | 3814.00.90 | Electric discharging machine (EDM) fluid |
| 38.24 | 3824.99.99 | Electroplating chemicals |
| 39.02 | 3902.10.00 | Polypropylene |
| | 3902.30.00 | Polypropylene copolymers |
| 39.03 | 3903.19.00 | Polystyrene (GPPS) |
| | 3903.20.00 | Styrene-acrylonitrile (SAN) copolymers |
| | 3903.30.90 | Acrylonitrile-butadiene-styrene(ABS) copolymers |
| 39.06 | 3906.10.00 | Poly (methyl methacrylate) |
| 39.07 | 3907.29.00 | Other polyethers |
| | 3907.40.90 | Polycarbonates |
| 39.08 | 3908.10.00 | Polyamide |
| | 3908.90.00 | Glass filled (GF) nylon |
| 39.09 | 3909.40.90 | Phenolic resin |
| | 3909.50.00 | Polyurethanes |
| 39.10 | 3910.00.00 | Silicones in primary forms |

| | | |
|---|---|---|
| 39.17 | 3917.23.10 | PVC shrinkable tube (plain) |
| 40.02 | 4002.31.00 | Isobutene-isoprene (Butyl) |
| | 4002.49.00 | Chloroprene rubber |
| | 4002.99.00 | Other synthetic rubber |
| 72.08 | 7208.10.90 | Hot rolled Sheet |
| | 7208.52.10 | Hot rolled Sheet |
| | 7208.53.10 | Hot rolled Sheet |
| 72.09 | 7209.15.00 | Cold rolled sheet |
| | 7209.16.90 | Cold rolled flat-rolled products of iron or non-alloy steel in coils of a thickness exceeding 1mm but less than 3mm |
| | 7209.17.90 | Cold rolled flat-rolled products of iron or non-alloy steel in coils of a thickness exceeding 0.5mm or more but not exceeding 1mm |
| | 7209.18.00 | Cold rolled flat-rolled products of iron or non-alloy steel in coils of a thickness of less than 0.5 mm |
| 72.12 | 7212.50.90 | Otherwise plated or coated iron or non-alloy steel |
| 72.15 | 7215.10.00 | Non-alloy bar |
| | 7215.90.00 | Other bar |
| 72.21 | 7221.00.00 | Stainless steel bars and rods |
| 72.24 | 7224.90.00 | Semifinished alloy product |
| 72.25 | 7225.92.00 | Zinc plated or coated flat rolled products |
| 72.27 | 7227.90.90 | Other bars and rods |
| 73.06 | 7306.30.00 | Electric Resistance Welded (ERW) Precision Tubes or Pipes |
| | 7306.40.00 | |
| | 7306.50.00 | |
| | 7306.61.00 | |
| | 7306.69.00 | |
| | 7306.90.00 | Other tubes, pipes and hollow profiles (for example, open seam or welded riveted or similarly closed of iron or steel.<br>Other |
| 73.15 | 7315.19.00 | Parts of chain |
| 76.01 | 7601.20.90 | Aluminium alloy |
| 76.04 | 7604.29.00 | Bar, rods, and profile of alumimium alloy |
| 78.01 | 7801.10.00 | Refined lead |
| 81.10 | 8110.10.00 | Antimony ingot |
| 83.11 | 8311.30.00 | Coated rod & cored wire |
| 84.09 | 8409.99.90 | Carburetor |

## TABLE-II

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 32.08 | 3208.20.10 | Paints and varnishes |
| | 3208.90.90 | Pre treatment chemicals for painting operations |

| | | |
|---|---|---|
| 39.19 | 3919.90.99 | Adhesive sticker |
| 39.21 | 3921.90.99 | Sticker |
| 40.16 | 4016.93.00 | Gaskets, washers and other seals |
| | 4016.99.90 | Other articles of vulcanised rubber |
| 59.03 | 5903.90.90 | Other textile fabrics, impregnated, coated, covered or laminated with plastics |
| 70.07 | 7007.29.00 | Wind shield |
| 70.09 | 7009.10.00 | Mirror |
| 72.28 | 7228.70.00 | Angles, shapes and sections |
| 73.01 | 7301.20.00 | Welded angles, shapes and sections |
| 73.04 | 7304.39.00 | Tubes, pipes and hollow profiles |
| 73.18 | 7318.15.90 | Screws & bolts |
| | 7318.16.00 | Nuts |
| | 7318.22.90 | Washer |
| | 7318.23.90 | Rivet |
| 73.20 | 7320.90.90 | Other springs |
| 73.26 | 7326.19.00 | Semi-finished alloy wheel |
| 74.15 | 7415.33.90 | Screws |
| | 7415.39.00 | Bolts & nuts |
| 83.01 | 8301.20.00 | Main lock |
| 84.07 | 8407.32.90 | Engine in CKD condition |
| 84.21 | 8421.31.00 | Air filter |
| 84.83 | 8483.90.00 | Toothed wheels, chain sprockets & others |
| 85.11 | 8511.10.00 | Sparking plugs |
| | 8511.20.00 | Ignition magnetos |
| | 8511.30.00 | DC CDI unit, coil (LH/RH) |
| | 8511.40.00 | Starter |
| 85.12 | 8512.20.00 | Number plate lamp |
| | 8512.30.00 | Horn |
| 85.36 | 8536.10.00 | Fuse |
| | 8536.49.90 | Starter relay-with grommet |
| | 8536.50.00 | Switch |
| | 8536.61.00 | Lamp Holder |
| 85.39 | 8539.32.90 | Indicator lamp |
| 85.47 | 8547.20.00 | Connector housing |
| 87.14 | 8714.10.90 | Air cleaner sub assy |
| | 8714.10.90 | Axle |
| | 8714.10.90 | Arm brake rear |
| | 8714.10.90 | After the foot mounting plate |
| | 8714.10.90 | After the foot limit board |
| | 8714.10.90 | After being a bumper |
| | 8714.10.90 | After the center cover |
| | 8714.10.90 | After the sign |
| | 8714.10.90 | Battery arrestor |
| | 8714.10.90 | Battery arrestor bkt |
| | 8714.10.90 | Battery pipe |
| | 8714.10.90 | Bracket comp LH & RH eng front |
| | 8714.10.90 | Bracket cowling |
| | 8714.10.90 | Bracket fairing top |

| | |
|---|---|
| 8714.10.90 | Bracket fender-drum |
| 8714.10.90 | Bracket flap support LH& RH |
| 8714.10.90 | Bracket head lamp |
| 8714.10.90 | Brake pedal assy |
| 8714.10.90 | Brake shoe |
| 8714.10.90 | Bush 1- windshield |
| 8714.10.90 | Bush 2- windshield |
| 8714.10.90 | Brake rod rear |
| 8714.10.90 | Break Padel |
| 8714.10.90 | Brace fender |
| 8714.10.90 | Cage bearing steering |
| 8714.10.90 | Cap - swing arm |
| 8714.10.90 | Chain adjuster |
| 8714.10.90 | Choke cable comb |
| 8714.10.90 | Clamp |
| 8714.10.90 | Clamp (breather tube) |
| 8714.10.90 | Collar |
| 8714.10.90 | Connector pte |
| 8714.10.90 | Coupling |
| 8714.10.90 | Cup-steering |
| 8714.10.90 | Clip |
| 8714.10.90 | Cable speedometer |
| 8714.10.90 | Cowling (fairing) |
| 8714.10.90 | Cock fuel |
| 8714.10.90 | Cowling body |
| 8714.10.90 | Cap cleaner |
| 8714.10.90 | Cap lock |
| 8714.10.90 | Cotter |
| 8714.10.90 | Clutch control |
| 8714.10.90 | Dash board |
| 8714.10.90 | Dust seal |
| 8714.10.90 | End plug handle bar |
| 8714.10.90 | Engine mounting bracket |
| 8714.10.90 | Flasher |
| 8714.10.90 | Front axle |
| 8714.10.90 | Fuel cock assy |
| 8714.10.90 | Front fender |
| 8714.10.90 | Front fork assy |
| 8714.10.90 | Fender (front & rear ) |
| 8714.10.90 | Front and rear disc brake system |
| 8714.10.90 | Front mark |
| 8714.10.90 | Fairing |
| 8714.10.90 | Front brake |
| 8714.10.90 | Flange finaldriven |
| 8714.10.90 | Foam Side flap |
| 8714.10.90 | Fixing |
| 8714.10.90 | Flap cowling |
| 8714.10.90 | Gear change leaver |
| 8714.10.90 | Grip handle assembly |

| | |
|---|---|
| 8714.10.90 | Gear shift pedal |
| 8714.10.90 | Handle bar |
| 8714.10.90 | Handle set |
| 8714.10.90 | Hook. |
| 8714.10.90 | Inlet pipe |
| 8714.10.90 | Instruction |
| 8714.10.90 | Kick lever |
| 8714.10.90 | Lever complete gear shifter |
| 8714.10.90 | Modulator assy |
| 8714.10.90 | Motorcycle brakes |
| 8714.10.90 | Muffler |
| 8714.10.90 | Muffler protecting cover |
| 8714.10.90 | Nail cable guide |
| 8714.10.90 | Net protect |
| 8714.10.90 | Ornamental plate comp. |
| 8714.10.90 | Plate set upper pressure |
| 8714.10.90 | Panel brake comp front & rear |
| 8714.10.90 | Panel box |
| 8714.10.90 | Plug RR fender RR |
| 8714.10.90 | Pivot stand |
| 8714.10.90 | Peephole cap |
| 8714.10.90 | Protector comp |
| 8714.10.90 | Pedal comp. gear change |
| 8714.10.90 | Plate upper linking |
| 8714.10.90 | Pin |
| 8714.10.90 | Pressure plate |
| 8714.10.90 | Plug -seat lock cable |
| 8714.10.90 | Rim comp (front and rear) |
| 8714.10.90 | Retiiner |
| 8714.10.90 | Rear scutcheon |
| 8714.10.90 | Rim comp. |
| 8714.10.90 | Reflector front |
| 8714.10.90 | Rear grabe holder |
| 8714.10.90 | Ring snap |
| 8714.10.90 | Rear brake |
| 8714.10.90 | Steering stem |
| 8714.10.90 | Sleeve |
| 8714.10.90 | Shaft |
| 8714.10.90 | Shock absorber (front & rear) |
| 8714.10.90 | Stripe (left and right) |
| 8714.10.90 | Step (left and right) |
| 8714.10.90 | Swing arm |
| 8714.10.90 | Support front label |
| 8714.10.90 | Seat lock |
| 8714.10.90 | Step holder |
| 8714.10.90 | Throttle cable |
| 8714.10.90 | Tool kit |
| 8714.10.90 | Torque rod |
| 8714.10.90 | Upper bracket assly |

| | | |
|---|---|---|
| | 8714.10.90 | Wheel& brake comp. set (front and rear) |
| | 8714.10.90 | Wheel com (front and rear) |
| 90.29 | 9029.20.00 | Speedo meter |
| 90.32 | 9032.89.00 | DC regulator with capacitor |

**TABLE-III**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 87.14 | 8714.10.90 | Parts of chassis |
| | 8714.10.90 | Parts of swing arm |
| | 8714.10.90 | Parts of fuel tank |
| | 8714.10.90 | Parts of wheel |
| | 8714.10.90 | Parts of handle bar |
| | 8714.10.90 | Parts of muffler (cylencer) |

**শর্তাবলি:**

১। (ক) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান অথবা ভেন্ডর হইতে হইবে।

**ব্যাখ্যা।-** এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে-

(অ) "Industrial IRC holder VAT compliant মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান" অর্থ ''**মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১**'' ও ''**মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-২**'';

(i) ''**মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১**'' অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা মোটরসাইকেলের সমস্ত পার্টস নিজে প্রস্তুত করিয়া অথবা চেসিস ও এক বা একাধিক গুরুত্বপূর্ণ পার্টস নিজে প্রস্তুত করিয়া এবং অবশিষ্ট পার্টস স্থানীয় ভেন্ডর হইতে সংগ্রহ বা আমদানি করিয়া মোটরসাইকেল সংযোজন বা উৎপাদন করে;

(ii) ''**মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-২**'' অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত বা স্থানীয় ভেন্ডর হইতে সংগৃহীত চেসিসের ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ দ্বারা চেসিস এবং স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত বা স্থানীয় ভেন্ডর হইতে সংগৃহীত ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ দ্বারা এক বা একাধিক

গুরুত্বপূর্ণ পার্টস প্রস্তুত করিয়া এবং অবশিষ্ট পার্টস স্থানীয় ভেন্ডর হইতে সংগ্রহ বা আমদানি করিয়া মোটরসাইকেল সংযোজন বা উৎপাদন করে:

তবে শর্ত থাকে যে, যে সকল প্রতিষ্ঠান তৈরী চেসিস এবং অন্যান্য পার্টসসহ সম্পূর্ণ বিযুক্ত অবস্থায় মোটরসাইকেল আমদানি করিয়া স্থানীয়ভাবে সংযোজন করে তাহারা ইহার আওতাভুক্ত হইবে না;

(আ) **''ভেন্ডর''** অর্থ মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত অথবা আমদানিকৃত কাঁচামাল দ্বারা মোটরসাইকেল এর যন্ত্রাংশ প্রস্তুতপূর্বক মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সুনির্দিষ্ট বিক্রয় চুক্তির আওতায় অথবা স্থানীয়ভাবে সরবরাহ করিয়া থাকে;

(ই) ''**গুরুত্বপূর্ণ পার্টস''** অর্থ Swing arm, wheel, fuel tank, handle bar এবং muffler (cylencer);

(খ) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দূর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হয় তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে:

তবে আরো শর্ত থাকে যে, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA), বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ অথবা আইন বলে প্রতিষ্ঠিত অন্য যে কোনো কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান যাহাদের জন্য শিল্প ভোক্তা আইআরসি গ্রহণের বাধ্যবাধকতা নাই সেইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র দাখিল করিতে হইবে;

(গ) এই প্রজ্ঞাপনের রেয়াতি সুবিধায় মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১ ও ভেন্ডরগণ TABLE-I এবং TABLE-II এর অন্তর্ভূক্ত পণ্য এবং মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-২ TABLE-II ও TABLE-III এর অন্তর্ভুক্ত পণ্য আমদানি করিতে পারিবেন;

(ঘ) মোটরসাইকেল উৎপাদনকারী ক্যাটাগরি-১ ভুক্ত প্রতিষ্ঠান যেই সকল মডেলের মোটরসাইকেলের ক্ষেত্রে স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত বা স্থানীয় ভেন্ডর হইতে সংগৃহীত চেসিসের ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ দ্বারা চেসিস এবং স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত বা স্থানীয় ভেন্ডর হইতে সংগৃহীত ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ দ্বারা এক বা একাধিক গুরুত্বপূর্ণ পার্টস প্রস্তুত করিয়া এবং অবশিষ্ট পার্টস স্থানীয় ভেন্ডর হইতে সংগ্রহ বা আমদানি করিয়া মোটরসাইকেল সংযোজন বা উৎপাদন করিবে, কেবল সেই সকল ক্ষেত্রে মোটরসাইকেল উৎপাদনকারী ক্যাটাগরি-১ ভুক্ত প্রতিষ্ঠানসমূহ মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরী-২ এর সুবিধা প্রাপ্য হইবে এবং এই ক্ষেত্রে শুল্কায়নকালে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা স্টেশনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মূসক বিভাগীয় দপ্তরে প্রতিটি মডেলের জন্য পৃথক পৃথক দাখিলকৃত মূসক বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণাপত্র (মূসক-৪.৩) দাখিল করিতে হইবে।

২। মোটরসাইকেল উৎপাদনকারী বা ভেন্ডর শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় কাঁচামাল বা যন্ত্রাংশ আমদানির অনুমোদনের জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর আবেদন করিতে হইবে; উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড, সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা এবং শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদিত প্রতিষ্ঠান সরেজমিন যাচাইপূর্বক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর **''পরিশিষ্ট-১''** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে; উক্ত অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৩। মোটরসাইকেল উৎপাদনকারী অথবা ভেন্ডর কর্তৃক প্রতি একক মোটরসাইকেল বা মোটরসাইকেলের যন্ত্র বা যন্ত্রাংশ উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী উপকরণ কী পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **''পরিশিষ্ট-২''** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন, **পরিশিষ্ট-২** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৪। এই প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণ **''পরিশিষ্ট-২''** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক মোটরসাইকেল বা তার যন্ত্রাংশ উৎপাদন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ যুগ্ম-কমিশনারের নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট ভ্যাট

বিভাগীয় কর্মকর্তা ও সদর দপ্তরে পদস্থ সহকারী বা ডেপুটি কমিশনারের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

৫। আমদানিকৃত যন্ত্রাংশ বা উপকরণ দ্বারা মোটরসাইকেল বা যন্ত্রাংশ উৎপাদনের ফলে সৃষ্ট অপচয়জনিত স্ক্র্যাপ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার অনুমোদনক্রমে স্থানীয়ভাবে বিক্রয় করা যাইবে এবং এই ক্ষেত্রে উক্ত স্ক্র্যাপের মূল্যের উপর প্রযোজ্য হারে মূল্য সংযোজন কর বা প্রযোজ্য অন্যান্য শুল্ক-কর আমদানিকারককে পরিশোধ করিতে হইবে।

৬। কোন উৎপাদনকারী বা ভেন্ডর এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন ও মূল্য সংযোজন কর আইনের বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৭। ১৩ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৩-আইন/২০২১/৩১/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৮। এই প্রজ্ঞাপন ৯ জুন, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**
**[শর্ত ২ দ্রষ্টব্য]**

## কারখানা পরিদর্শন প্রতিবেদন

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত ------------খ্রি তারিখ------------------- নামীয় মোটর সাইকেল উৎপাদনকারী/মোটর সাইকেলের পার্টস উৎপাদনকারী শিল্প কারখানা সরেজমিনে পরিদর্শন করিয়াছি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :

৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :

৪। আয়কর সনদ নম্বর (TIN) :

৫। জমি ও ভবনের বিবরণ :

(ক) জমি ও ভবন নিজস্ব কিনা :

(খ) মোট জমির পরিমাণ :

(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন :

(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :

(ঙ) অফিস ভবনের আয়তন :

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি :

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে মোটর সাইকেল উৎপাদন/মোটর সাইকেলের পার্টস উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৯-আইন/২০২২/৮৭/কাস্টমস, তারিখ: ১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ এর আওতায় প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য/যন্ত্রাংশ/উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল এবং প্রতিষ্ঠানটিকে এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১/মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-২/ভেন্ডর হিসাবে তালিকাভুক্ত করা হইল।

| | | |
|---|---|---|
| সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার নাম ও স্বাক্ষর | শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির নাম ও স্বাক্ষর | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধির নাম ও স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: | তারিখ: |

**পরিশিষ্ট-২**
**[শর্ত ৩ ও ৪ দ্রষ্টব্য]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মোটরসাইকেল অথবা মোটরসাইকেলের যন্ত্রাংশ তৈরীর উপকরণ/কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

| ক্রঃ নং | পণ্যের নাম ও H.S. Code | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম (H.S. Code সহ) | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি) | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি) | অপচয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**